

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
আনসারী ভবন, ১৪/২ তোপখানা রোড ঢাকা
Web: www.ntcc.gov.bd

স্মারক নং- স্বাপকম/এনটিসিসি/আইন ও বিধি বাস্তবায়ন/২০১৫/১১১

তারিখঃ ০৪ জুলাই, ২০১৭ খ্রি:

গণবিজ্ঞপ্তি


এতদ্বারা সিগারেট, বিড়ি, জর্দা এবং গুলসহ সকল প্রকার তামাকজাত দ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ অনুযায়ী তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার উপরিভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ জায়গা জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবানী মুদ্রণ করার বিধান রয়েছে।

তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার নিম্নভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ জায়গা জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবানী মুদ্রণ সংক্রান্ত ১৬ মার্চ ২০১৬ খ্রি: তারিখের নং- স্বাপকম/এনটিসিসি/আইন ও বিধি বাস্তবায়ন/২০১৫/৪৭২ সংখ্যক গণবিজ্ঞপ্তিটি এতদ্বারা বাতিল করা হ'ল।

এমতাবস্থায়, আগামী ১৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রি: তারিখ হতে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার উপরিভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ জায়গা জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবানী মুদ্রণ করতে হবে। ১৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রি: তারিখ থেকে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার উপরিভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ জায়গা জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবানী ব্যতীত কোন তামাকজাত দ্রব্য বিক্রয় ও বাজারজাত করা যাবে না।

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এ আইনের বিধান লঙ্ঘন করলে তিনি অনূর্ধ্ব ছয় মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করলে পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুন হারে দণ্ডনীয় হবেন।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ গণবিজ্ঞপ্তি জারি করা হ'ল।


০৪.০৭.১৭
সমন্বয়কারী
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ৯৫৮৫১৩৫